

দুই শিক্ষককে স্থায়ী বহিষ্ঠার করল রাবি

রাবি প্রতিনিধি

৩১ মে ২০২২ ১২:০০ এএম।

আপডেট: ৩১ মে ২০২২

০৩:০৫ এএম

বঙ্গ রাজস্ব
আমাদের ময়

advertisement

বিধিবহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং সুপারভাইজারের স্বাক্ষর জালিয়াতির অভিযোগ প্রমাণিত হওয়ায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) দুই শিক্ষককে স্থায়ীভাবে বহিষ্ঠার করা হয়েছে। গত রবিবার রাতে বিশ্ববিদ্যালয়ের ৫১৪তম সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ওই দুই শিক্ষক হলেন- মনোবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক উম্মে হাবিবা জেসমিন এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. সালমা খাতুন। বিষয়টি নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ও আইন

বিভাগের সহকারী অধ্যাপক সাদিকুল ইসলাম সাগর বলেন, বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক উম্মে হাবিবার বিরুদ্ধে বিধিবহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত, অনুমতি না নিয়েই ছুটিতে থাকা এবং ছাড়পত্র না নিয়ে বিদেশে অবস্থানের অভিযোগ আনা হয়। এর পরিপ্রেক্ষিতে একটি তদন্ত কমিটি গঠন করে কর্তৃপক্ষ। প্রতিবেদন অনুযায়ী, অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের সব নীতিমালা অনুসরণ করে তাকে স্থায়ীভাবে বরখাস্তের সিদ্ধান্ত নেওয়া হয়।

আর অধ্যাপক সালমা খাতুনের বিরুদ্ধে সুপারভাইজার এবং ডাক্তারের স্বাক্ষর জালিয়াতি করে হাইকোর্ট থেকে মাতৃত্বকালীন ছুটি কাটানোর অভিযোগ ওঠে। তার বিরুদ্ধে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসন তাকে স্থায়ীভাবে বহিন্ধারের সিদ্ধান্ত নেয় বলেও জানান অধ্যাপক সাদিকুল ইসলাম সাগর।

এ ছাড়া ছাত্রীকে ঘোন হয়রানির দায়ে শিক্ষা ও গবেষণা ইনসিটিউটের সহকারী অধ্যাপক বিষ্ণু কুমার অধিকারীর পদোন্নতি আগামী চার বছরের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে।